০০০১২৮

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম। ~~কাস্টম হাউস/কমিশনারেট~~

## সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য ~~বন্ডেড~~/বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স

হস্তান্তরযোগ্য নয়

{কাস্টমস্ এ্যাক্ট, ১৯৬৯, এর ধারা ১৩(১) মোতাবেক প্রদত্ত}

লাইসেন্স নং- ৫(১৩)কাবক/আকা/বনড(পোঃ১)/লাই/০৪/২০০৬ তারিখঃ- ২৭/০২/২০০৬ ইং ।

১। (ক) শিল্প প্রতিষ্ঠানের নাম ঃ- মেসার্স আফরাহ্ ড্রেসেস লিঃ,
(খ) আয়করের টি আই এন ঃ- ৩০৭-২০০-৫৯২০, তারিখ-০৭-০৭-২০০৫ ইং ।

২। (ক) অফিসের পূর্ণ ঠিকানা ঃ- ৭৫-বি, সাগরিকা কমপ্লেক্স ( ২য় তলা ), সিডিএ মার্কেট, পাহাড়তলী, চট্টগ্রাম ।
(খ) ফোন ও ফ্যাক্স নম্বর ঃ- ফোনঃ ৭৫২২৮৮, ৭৫১২২৬ ।
(গ) ই-মেইল ঃ-

৩। (ক) ফ্যাক্টরীর পূর্ণ ঠিকানা ঃ- ৭৫-বি, সাগরিকা কমপ্লেক্স( ২য় তলা ), সিডিএ মার্কেট, পাহাড়তলী, চট্টগ্রাম ।
(খ) ফোন ও ফ্যাক্স নম্বর ঃ- ফোনঃ ৭৫২২৮৮, ৭৫১২২৬ ।
(গ) ই-মেইল ঃ-

৪। অফিস/ফ্যাক্টরী ভবনের মালিকানা ঃ নিজস্ব/ভাঁড়া করা

৫।

| প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের নাম, পিতা/স্বামীর নাম | পেশা ও জাতীয়তা | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| জনাব আবদুল আলীম আরিফ<br>ব্যবস্থাপনা পরিচালক<br>পিতাঃ মৃত আবদুল আজিজ | ব্যবসা<br>বাংলাদেশী | গ্রাম+ডাক-শিকলবাহা, থানা-পটিয়া চট্টগ্রাম । | ৯২, সিএমপি হকার মার্কেট, রিয়াজ উদ্দিন বাজার, চট্টগ্রাম । | [signature] |

৬।

| প্রতিষ্ঠানের অন্যান্য অংশীদার/পরিচালকমন্ডলীর নাম ও পিতা/স্বামীর নাম | পেশা ও জাতীয়তা | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| জনাব সাহেদ সোহেল চৌধুরী<br>১। চেয়ারম্যান<br>পিতা- আসমত উল্লাহ চৌধুরী | ব্যবসা<br>বাংলাদেশী | ১৬ জয়নগর ১ম লেইন, পাঁচলাইশ, চট্টগ্রাম । | ১৬ জয়নগর ১ম লেইন, পাঁচলাইশ, চট্টগ্রাম । | [signature] |
| জনাব আলহাজ্ব মোঃ ইসমাইল<br>২। পরিচালক<br>পিতা- মৃত রহমত আলী | ঐ | ২৫ রফিক উদ্দিন সিদ্দিকী বাই লেইন বাটালী রোড, চট্টগ্রাম । | ২৫ রফিক উদ্দিন সিদ্দিকী বাই লেইন বাটালী রোড, চট্টগ্রাম । | [signature] |
| মিসেস নাজমা বেগম<br>৩। পরিচালক<br>স্বামী -পীরজাদা সাইফুল্লা চৌধুরী | ঐ | ১৬ জয়নগর ১ম লেইন, পাঁচলাইশ, চট্টগ্রাম । | ১৬ জয়নগর ১ম লেইন, পাঁচলাইশ, চট্টগ্রাম । | Nazma Begum |
| জনাব আলহাজ্ব মহিউদ্দিন আহম্মদ<br>৪। পরিচালক<br>পিতা-মুন্সী নুর মোহাম্মদ | ঐ | ৯২ শাহ গরীব উল্লাহ হাউজিং সোসাইটি, খুলশী, চট্টগ্রাম । | ৯২ শাহ গরীব উল্লাহ হাউজিং সোসাইটি, খুলশী, চট্টগ্রাম । | [signature] |
| জনাব মিজানুর রহমান খান<br>৫। পরিচালক<br>পিতাঃ মৃত নুরুল্লাহ খান | ঐ | গ্রাম+ডাক-বটতলী, থানা-আনোয়ারা, চট্টগ্রাম । | গ্রাম+ডাক-বটতলী, থানা-আনোয়ারা, চট্টগ্রাম । | [signature] |

[signature] 22.02.07

কমিশনার

মোঃ আতিকুর রহমান খান
কমিশনার (চঃদাঃ)
কাস্টমস্ বন্ড কমিশনারেট
ঢাকা।

৫৩/

(১৩)কাবক/আকা/বন্ড(পোঃ)/লাই/০৪/২০০৬ তারিখঃ- ২৭/০৩/২০০৬ ইং।

৭। বি, জি, এম, ই, এ/বি, কে, এম, ই, এ,/জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্বীকৃত সরকার অনুমোদিত সংশ্লিষ্ট সমিতির সদস্য পদ নম্বর ঃ ৪১৬৩ তারিখ ঃ ২৬/১১/২০০৫

৮। বিনিয়োগ বোর্ডের নিবন্ধন নং ঃ ২০০৫০৭০৩-পি তারিখ ঃ ২৫-০৭-২০০৫

৯। ই আর সি নম্বর ঃ র ৭৩২৭০ তারিখ ঃ ১৪-০৯-২০০৫

১০। আই আর সি নম্বরঃ ব ১৫৫১৮০ তারিখ ঃ ০১-০৯-২০০৫

১১। মূসক রেজিস্ট্রেশন নম্বর ঃ ২০৩১০২৩০৮৮ তারিখ ঃ ০৪-১০-২০০৫

১২। লিয়েন ব্যাংকের নাম, ঠিকানা ও ফোন নম্বর ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক, মোনশহর শাখা, চট্টগ্রাম।

১৩। শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের বিবরণ (বিনিয়োগ বোর্ডের নিবন্ধন অনুযায়ী) ঃ ট্রাউজার, শার্ট, জ্যাকেট ও বিভিন্ন ধরনের তৈরী পোষাক।

১৪। শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের (পণ্যভিত্তিক) বার্ষিক উৎপাদন ক্ষমতা (শুল্ক কর্তৃপক্ষের সরেজমিন তদন্ত প্রতিবেদন অনুযায়ী)ঃ ৬০,০০০ ডজন।

১৫। উক্ত পণ্য তৈরীতে ব্যবহার্য কাঁচামালের বিবরণ (এইচ, এস, কোডসহ প্রয়োজনে লাইসেন্স প্রদানকারীর স্বাক্ষরসহ অতিরিক্ত পৃথক কাগজ ব্যবহার করা যাবে সেক্ষেত্রে এই অনুচ্ছেদে অতিরিক্ত ব্যবহৃত মোট পাতার সংখ্যা উল্লেখ করতে হবে) ঃ

অতিরিক্ত চতুর্থ পৃষ্ঠায় লিপিবদ্ধ করা হয়েছে। ০১ ... ০২/

১৬। বন্ডেড ওয়্যারহাউস সংশ্লিষ্ট শুল্ক দলিলাদিতে স্বাক্ষর প্রদানকারীর নামঃ ০১। জনাব আবদুল আলীম আরিফ। ০২। জনাব সাহেদ সোহেল চৌধুরী।

পদমর্যাদা ঃ ফোন ও ফ্যাক্স নম্বর ঃ নমুনা স্বাক্ষর (ব্যাংক একাউন্ট পরিচালনায় ব্যবহৃত স্বাক্ষর) ঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক।
০২। চেয়ারম্যান।

১৭। বন্ডেড ওয়্যারহাউসের মোট আয়তন ঃ ১২,৯৩১.৬৫ বর্গফুট।

১৮। কাঁচামাল মজুদের পণ্যাগারের আয়তন ঃ

| দৈর্ঘ্য ঃ | প্রস্থ ঃ | উচ্চতা ঃ | মোট আয়তন ঃ |
|---|---|---|---|
| ৩২'-০০" | ২৪'-৬" | ৯'-২" | ৭২৪২.২৪ ঘনফুট। |

১৯। তৈরী পণ্য মজুদের পণ্যাগারের গুদামের আয়তন ঃ

| দৈর্ঘ্য ঃ | প্রস্থ ঃ | উচ্চতা ঃ | মোট আয়তন ঃ |
|---|---|---|---|
| ১৯'-০০" | ১৫'-০০" | ৯'-২" | ২৬২২ ঘনফুট। |

২০। প্রক্রিয়াকরণের জন্য বন্ডেড ওয়্যারহাউসে/পণ্যাগারে যে সব কাঁচামাল ইন্টু বন্ডে মজুদ করা যাবে (প্রয়োজনে ১৫ অনুচ্ছেদের ন্যায় অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে) ঃ অতিরিক্ত চতুর্থ পৃষ্ঠায় লিপিবদ্ধ করা হয়েছে।

| বর্ণনা | এইচ, এস, কোড | বার্ষিক আমদানি প্রাপ্যতা (পরিমাণে) |
|---|---|---|

২১। বার্ষিক আমদানি প্রাপ্যতা, কাঁচামাল মজুদের পণ্যাগারের ধারণ ক্ষমতা, রপ্তানি পারফরমেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত নীতিমালা (যদি থাকে) ভিত্তিতে এককালীন সর্বোচ্চ আমদানি প্রাপ্যতা/বন্ডিং ক্যাপাসিটি (পরিমাণে) ঃ প্রযোজ্য নয়।

২২। অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী প্রতিপালন করবেন এই শর্তে এই লাইসেন্স মেসার্স আফরাহ ড্রেসেস লিঃ, চট্টগ্রাম এর অনুকূলে মঞ্জুর করা হল।

22.03.06

কমিশনার

মোঃ আতিকুর রহমান খান
কমিশনার (চঃদাঃ)
কাষ্টমস্ বন্ড কমিশনারেট
ঢাকা।

তারিখ ঃ

## বন্ডার কর্তৃক পালনীয় শর্তসমূহ

০১। এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

০২। পণ্যাগারে রক্ষিত পণ্যের নিরাপদ সংরক্ষণের জন্য প্রযোজ্য সকল আইন মেনে চলতে লাইসেন্সধারী তথা বন্ডার বাধ্য থাকবেন।

০৩। বন্ডকৃত প্রাঙ্গনে কাঁচামাল মজুদের পণ্যাগার, উৎপাদনের এলাকা, উৎপাদিত পণ্য মজুদের পণ্যাগার ও অফিস কক্ষ সুচিহ্নিত ও সুরক্ষিত হতে হবে। পণ্যাগারে রক্ষিত কাঁচামাল ও উৎপাদিত পণ্য এমনভাবে রক্ষিত হবে যাতে কাঁচামাল ও উৎপাদিত পণ্য সহজে পরিদর্শন করা যায়। উৎপাদিত প্যাকেজ বা পণ্যের পরিমাণ পণ্যাগারের ধারণ ক্ষমতার অধিক হবে না। লাইসেন্সিং কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী পণ্যাগারে মওজুদের ব্যবস্থা করতে হবে।

০৪। লাইসেন্সধারী তাঁদের পণ্যের মজুদ বই এমনভাবে সংরক্ষণ করবেন যাতে মজুত পণ্যের পরিমাণ সহজেই পরীক্ষা করা যায়। শুল্ক অফিসার যখনই মজুত বই তলব করবেন, তখনই তা পেশ করতে হবে।

০৫। জাতীয় রাজস্ব বোর্ড ও শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস পরিচালনা বিষয়ে জারীকৃত এস, আর, ও/আদেশ/নির্দেশ মেনে চলতে বন্ডার বাধ্য থাকবেন।

০৬। বন্ড লাইসেন্সের আওতায় পণ্য আমদানি ও রপ্তানীর ক্ষেত্রে বিদ্যমান আমদানি নীতি ও রপ্তানী নীতির বিধি-বিধান মেনে চলতে বন্ডার বাধ্য থাকবেন।

০৭। লাইসেন্সের দ্বিতীয় পাতায় বর্ণিত কাঁচামাল ভিন্ন কোনো প্রকার পণ্য, মেশিনারী বা যন্ত্রাংশ বন্ডিং সুবিধায় খালাস দেয়া হবে না।

০৮। (ক) বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্ত সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানকে প্রতিবছর ৩১শে মার্চ এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বাৎসরিক ফি এবং প্রতিষ্ঠানের বার্ষিক অডিট/পরিদর্শনের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং অথারিটির নিকট জমা প্রদান করতে হবে। উক্ত তারিখের মধ্যে নির্ধারিত ফি জমা দিতে বা কাগজপত্র দাখিল করতে ব্যর্থ হলে ১লা এপ্রিল থেকে লাইসেন্স স্বয়ংক্রিয় ভাবে সাসপেন্ড হবে। বি জি এম ই এ কর্তৃক ইউডি ইস্যু এবং আমদানি রপ্তানির পণ্য খালাস শুল্ক কর্তৃপক্ষ বন্ধ করে দেবে। তবে শর্ত থাকে যে নিয়মিত ফির অতিরিক্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত জরিমানা সহ প্রয়োজনীয় দলিলাদি দাখিল করার পর কমিশনার সাসপেনশন প্রত্যাহার করতেপারবেন।

(খ) প্রতি বছর ৩০শে জুনের মধ্যে বার্ষিক অডিট/পরিদর্শন সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে লাইসেন্সিং অথারিটি কর্তৃক নির্ধারিত সময়ে অডিটের/পরিদর্শনের জন্য বন্ডারকে প্রস্তুত থাকতে হবে।

০৯। (ক) অন্যান্য সম্পূর্ণ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত নবায়ন ফি এবং বার্ষিক অডিট/পরিদর্শনের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং অথরিটির নিকট প্রতিবছর জমা প্রদান করতে হবে। বার্ষিক অডিট/পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে নবায়নের বিষয়টি বিবেচিত হবে।

(খ) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর, ইস্যুর তারিখ সম্বলিত পৃথক পাতায় লাইসেন্সের মেয়াদ/নবায়নের মেয়াদ তথ্য লাইসেন্সিং অথরিটি লিপিবদ্ধ করবে।

১০। লাইসেন্সধারী প্রতিষ্ঠানের গঠনতন্ত্র বা ব্যবস্থাপনা পরিষদে যে কোন পরিবর্তন, বন্ডেড ওয়্যারহাউজ স্থানান্তর বা সম্প্রসারণ বা কোনরূপ পরিবর্তন/পরিবর্ধনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে এবং এ মর্মে লাইসেন্স সংশোধিত না হওয়া পর্যন্ত যে কোন পরিবর্তন অবৈধ ও শুল্ক আইনের ব্যত্যয় হিসাবে গণ্য করে আইনানুগভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। কাস্টমস্ এ্যাক্ট, ১৯৬৯, এর ওয়্যারহাউসিং অধ্যায়ে (একাদশ অধ্যায়) বর্ণিত বিধান এই বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের জন্য প্রযোজ্য হবে।

আমি এবং লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের সকলে উপরে বর্ণিত এই শর্তাবলী সকল সময় যথাযথভাবে পালন করবো। অন্যথায় লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ আইনতঃ যে কোন ব্যবস্থা গ্রহণ করলে আমরা তা মেনে নিতে বাধ্য থাকবো।

তারিখঃ ১৬/০২/০৬

~~মালিক/ব্যবস্থাপনা অংশীদার~~/ ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর)